

# **া** সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৩৭

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৫২. অযুর অঙ্গসমূহ দু'বার করে ধোয়ার বর্ণনা

باب الْوُضُوءِ مَرَّتَيْن

### আরবী

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بِشْرٍ، حَدَّثَنَا هِشَامُ بْنُ سَعْدٍ، حَدَّثَنَا زَيْدٌ، عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ قَالَ: قَالَ لَنَا ابْنُ عَبَّاسٍ أَتُحِبُّونَ أَنْ أُرِيَكُمْ كَيْفَ كَانَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يَتَوَضَّأُ، فَدَعَا بِإِنَاءٍ فِيهِ مَاءٌ، فَاغْتَرَفَ غُرْفَةً بِيَدِهِ الْيُمْنَى، فَتَمَصْمُ وَاسْتَنْشَقَ ثُمَّ أَخَذَ أُخْرَى فَجَمَعَ بِهَا يَدَيْهِ، ثُمَّ غَسَلَ وَجْهَهُ، ثُمَّ أَخَذَ أُخْرَى فَجَمَعَ بِهَا يَدَيْهِ، ثُمَّ غَسَلَ وَجْهَهُ، ثُمَّ أَخَذَ أُخْرَى فَغَسَلَ بِهَا يَدَهُ الْيُسْرَى، ثُمَّ قَبَضَ قَبْضَ قَبْضَةً مِنَ الْمَاءِ، فَغَسَلَ بِهَا يَدَهُ الْيُسْرَى، ثُمَّ قَبَضَ قَبْضَ عَبْضَةً مِنَ الْمَاءِ، ثُمَّ نَفضَ يَدَهُ، ثُمَّ مَسَحَ بِهَا رَأْسَهُ وَأُذُنيْهِ، ثُمَّ قَبَضَ قَبْضَةً أُخْرَى مِنَ الْمَاءِ فَرَشَّ عَلَى رِجْلِهِ الْيُمْنَى وَفِيهَا النَّعْلُ، ثُمَّ مَسَحَهَا بِيَدَيْهِ، يَدٍ فَوْقَ الْقَدَمِ، وَيَدٍ تَحْتَ النَّعْلِ، ثُمَّ صَنَعَ بِالْيُسْرَى مِثْلَ ذَلِكَ .

\_ حسن ، لكن مسح القدم شاذ : خ ، دون مسح الأذنين و القدمين

#### বাংলা

১৩৭। 'আত্বা ইবনু ইয়াসার (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, ইবনু 'আব্বাস (রাঃ) আমাদের বললেন, তোমরা কি এটা পছন্দ করো যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যেভাবে অযু করতেন তা তোমাদেরকে আমি দেখিয়ে দেই? অতঃপর তিনি এক পাত্র পানি চাইলেন। সেখান থেকে ডান হাতে এক অঞ্জলি পানি নিয়ে কুলি করলেন ও নাকে পানি দিলেন। তারপর এক অঞ্জলি নিয়ে উভয় হাত দ্বারা মুখমণ্ডল ধুলেন। তারপর আরেক অঞ্জলি পানি নিয়ে ডান হাত এবং অপর অঞ্জলি নিয়ে বাম হাত ধুলেন। তারপর এক অঞ্জলি পানি নিয়ে তা ফেলে দিলেন এবং মাথা ও উভয় কান মাসাহ্ করলেন। তারপর আরেক অঞ্জলি পানি নিয়ে ডান পায়ের উপর ছিটিয়ে দিলেন, তখন তাঁর পায়ে জুতা ছিল। তিনি তাঁর এক হাতে পায়ের উপরিভাগ এবং অপর হাতে জুতার নিম্নভাগ মাসাহ্ করলেন। এরপর অনুরূপভাবে বাম পাও মাসাহ্ করলেন।[1]



হাসান, কিন্তু পা মাসাহ করার কথাটি শায। বুখারী, দু' পা ও দু' কান ধোয়ার কথা বাদে।

## **English**

'Ata' b. Yasar quoting Ibn 'Abbas said:

Do you like that I should show you how the Messenger of Allah () performed ablution? He then called for a vessel of water and took out a handful of water with his right hand. He then rinsed his mouth and snuffed up water. He then took out another handful of water and washed his face by both his hands together. He then took out another handful of water and washed his right hand and then washed his left hand by taking out another. He then took out some water and shook off his hand and wiped his head and ears with it. He then took out a handful of water and sprinkled it over his right foot in his shoe and wiped the upper part of the foot with his one hand, and beneath the shoe with his other hand. He then did the same with his left foot.

## ফুটনোট

[1] তিরমিয়া (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ দু' কানের ভেতরাংশ ও বহিঃরাংশ মাসাহ্ করা, হাঃ ৩৬, তবে সেখানে দু' পা মাসাহ্ করার কথাটি নেই, ইমাম তিরমিয়া বলেন, এ হাদীসটি হাসান সহীহ), নাসায়া (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ দু' কান মানাহ্ করা, হাঃ ১০২), ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ দু' কান মাসাহ্ করা প্রসঙ্গে, হাঃ ৪৩৯, তাতে দু' পা মাসাহ্ করার কথা নেই)। হাদীসটি বুখারীও তার সহীহ গ্রন্থে বর্ণনা করেছেন (অধ্যায়ঃ উযু, অনুঃ দু' হাতের অঞ্জলি ভর্তি পানি দিয়ে একবার চেহারা ধোয়া, হাঃ ১৪০) সুলায়মান ইবনু বিলাল সূত্রে যায়িদ ইবনু আসলাম থেকে, তাতে দু' পা ধোয়ার কথা আছে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আতা ইবনু ইয়াসার (রহ,)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন